

যশোর বোর্ডের

২৯ জনের

পদোন্নতি

বাতিল

॥ যশোর অফিস ॥

চাপ প্রয়োগের মাধ্যমে আদায়-
কৃত যশোর শিক্ষা বোর্ডের ২৯-
জন কর্মকর্তা কর্মচারীর 'পদো-
ন্নতি' সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বাতিল
(২য় পৃ: ৩-এর ক: দ্র:)

পদোন্নতি বাতিল

(১ম পৃ: পর)

করিয়াছেন। অভিযোগে প্রকাশ,
উক্ত শিক্ষা বোর্ডের এক শ্রেণীর
কর্মচারী সংশ্লিষ্ট কর্মকর্তার উপর
চাপ সৃষ্টি করিয়া সম্প্রতি ২৯ জন
কর্মকর্তা কর্মচারীর 'পদোন্নতি'
আদায় করে। অতঃপর এই 'পদো-
ন্নতি' প্রদানের প্রেক্ষাপট বর্ণনা
করিয়া বোর্ডের চেয়ারম্যান শিক্ষা
মন্ত্রণালয়ে একটি রিপোর্ট পেশ
করেন। এই রিপোর্টে অবৈধ
চাপের মুখে উক্ত 'পদোন্নতি'
আদেশে স্বাক্ষর করিতে তাহাকে
বাধ্য করা হইয়াছে বলিয়া উল্লেখ
করা হয়। ইহার পর মন্ত্রণালয়ের
নির্দেশে গত ১৪ই সেপ্টেম্বর
বোর্ডের উচ্চ পর্যায়ের এক সভায়
উল্লিখিত ২৯ জনের 'পদোন্নতি'
বাতিলের সিদ্ধান্ত নেওয়া হয়।
এ ব্যাপারে শিক্ষা বোর্ডের চেয়ার-

ম্যানের সহিত যোগাযোগ করিলে
তিনি জানান, একশ্রেণীর কর্ম-
চারীর অব্যাহত চাপের কারণে
স্বচ্ছ দায়িত্ব পালন দুরূহ হইয়া
পড়িয়াছে।